সাম্প্রতিক কালে ভারতীয় অর্থনীতির উন্নতি।

প্রশ্ন হল, সাম্প্রতিক কালে ভারতের অর্থনৈতিক উন্নতির হার কমেছে কি না। জবাব, হ্যাঁ, কমেছে। যুগপৎ জাতীয় আয় ও মাথাপিছু আয়বৃদ্ধির হার কমেছে। একটি অর্থবর্ষ বলতে বোঝা হয় এক ক্যালেন্ডার বছরের ১লা এপ্রিল থেকে পরবর্তী ক্যালেন্ডার বছরের ৩১শে মার্চ অবধি সময়সীমাকে। এমন এক অর্থবর্ষকে চারটি ত্রৈমাসিক কালে ভাগ করা যায় – এপ্রিল থেকে জুন, জুলাই থেকে সেপ্টেম্বর, অক্টোবর থেকে ডিসেম্বর এবং, জানুয়ারি থেকে মার্চ। ন্যাশনাল স্যাম্পল সার্ভে এবং ভারতীয় রিজার্ভ ব্যাংক প্রদত্ত তথ্য অনুযায়ী, ২০১৬-১৭ অর্থবর্ষে বাস্তব (২০১১-১২ অর্থবর্ষের মূল্যমান অনুযায়ী) স্থূল অভ্যন্তরীন উৎপাদন (Gross Domestic Product) অর্থাৎ, দেশের ভৌগোলিক সীমানার মধ্যে দ্রব্য ও সেবা উৎপাদনের বৃদ্ধির হার, স্থূল মূল্যযোগ (Gross Value Added)হিসাবে ছিল ৭.৯ শতাংশ। ২০১৭-১৮ অর্থবর্ষে তা কমে দাঁড়ায় ৬.৯ শতাংশে। ২০১৮-১৯ অর্থবর্ষে এই হার আরও কমে হয় ৬.৬ শতাংশ। একই নিরিখে, ২০১৭-১৮ অর্থবর্ষে মাথাপিছু আয়বৃদ্ধির হার ছিল ৫.৮ শতাংশ। ২০১৮-১৯ অর্থবর্ষে তা কমে দাঁড়ায় ৫.৫ শতাংশে।

২০১৬-১৭ থেকে ২০১৮-১৯ অর্থবর্ষে এবং ২০১৮-১৯ অর্থবর্ষের চারটি ত্রৈমাসিক কালে স্থূল অভ্যন্তরীন উৎপাদনের বৃদ্ধির হার সারণীতে সাজানো যেতে পারে।

| সময়কাল | | স্থূল অভ্যন্তরীন উৎপাদনের বৃদ্ধির হার |
|---|---|---|
| ২০১৬-১৭ অর্থবর্ষ | | ৭.৯ |
| ২০১৭-১৮ অর্থবর্ষ | | ৬.৯ |
| ২০১৮-১৯ অর্থবর্ষ | | ৬.৬ |
| ২০১৭-১৮ অর্থবর্ষ | চতুর্থ ত্রৈমাসিক (জানুয়ারি ২০১৮ – মার্চ ২০১৮) | ৭.৯ |
| ২০১৮-১৯ অর্থবর্ষ | প্রথম ত্রৈমাসিক (এপ্রিল ২০১৮ – জুন ২০১৮) | ৭.৭ |

| | | |
|---|---|---|
| | দ্বিতীয় ত্রৈমাসিক (জুলাই ২০১৮ – সেপ্টেম্বর ২০১৮) | ৬.৯ |
| | তৃতীয় ত্রৈমাসিক (অক্টোবর ২০১৮ – ডিসেম্বর ২০১৮) | ৬.৩ |
| | চতুর্থ ত্রৈমাসিক (জানুয়ারি ২০১৯ – মার্চ ২০১৯) | ৫.৭ |

সারণী দেখে বোঝা যায় যে, ২০১৭-১৮ অর্থবর্ষ থেকে মোটের উপর জাতীয় আয়বৃদ্ধির হার কমতে থেকেছে। বিশেষত, ২০১৭-১৮ অর্থবর্ষের চতুর্থ ত্রৈমাসিক কাল থেকে ২০১৮-১৯ অর্থবর্ষের চারটি ত্রৈমাসিক কালজুড়ে এই পতন অব্যাহত থেকেছে।

এই পতন প্রতিফলিত কয়েকটি উল্লেখযোগ্য পণ্য ও শিল্পোৎপাদন ক্ষেত্রে। সেন্টার ফর মনিটরিং ইন্ডিয়ান ইকোনমি, ভারতীয় রিজার্ভ ব্যাংক এবং ন্যাশনাল স্ট্যাটিসটিক্যাল অফিস প্রদত্ত তথ্য অনুযায়ী, গাড়ি, বাড়ি এবং, দ্রুতবিক্রয়যোগ্য ভোগ্যদ্রব্য (Fast-moving Consumer Goods) যথা, প্যাকেটজাত দুধ, মাখন, ফলের রস, ঠান্ডা পানীয়, নুডল্স, টুথপেস্ট, সাবান ইত্যাদির চাহিদা কমেছে। এর ফলে এইসব শিল্পক্ষেত্রে দেখা দিয়েছে বেকারত্ব। লিয়াসেস ফোরাস গবেষণা সংস্থার তথ্য অনুযায়ী, ভারতে আটটি মহানগরীতে ২০১৬, ২০১৭ এবং ২০১৮ এই তিন বছরে প্রতি বছর গড়ে প্রায় সাড়ে ন'লাখ তৈরি বাড়ি অবিক্রিত থেকেছে। শুধুমাত্র গাড়িনির্মাণ শিল্পেই ছাঁটাই হয়েছেন আড়াই লাখ কর্মী এবং আনুমানিক দশ লাখ কর্মী ছাঁটাই হয়েছেন গাড়িনির্মাণ শিল্পের সঙ্গে সম্পর্কিত আনুষঙ্গিক শিল্পক্ষেত্রে। সেন্টার ফর মনিটরিং ইন্ডিয়ান ইকোনমি প্রদত্ত তথ্য অনুযায়ী, শুধুমাত্র ২০১৭ সালের ডিসেম্বর মাস থেকে ২০১৮ সালের ডিসেম্বরের মধ্যে কর্মহীন হয়েছেন এক কোটি দশ লক্ষ মানুষ। সংখ্যা ও কার্যক্রম সম্পাদন মন্ত্রালয় (Ministry of Statistics and Programme Implementation) প্রদত্ত তথ্য অনুযায়ী জুলাই ২০১৭ থেকে

জুন ২০১৮ সময়কালে বেকারত্বের হার দাঁড়িয়েছে সাধারণ বা, দীর্ঘকালীন (Usual Status) মানদণ্ডে ৬.১ শতাংশ এবং সাপ্তাহিক  বা, স্বল্পকালীন (Weekly Status) মানদণ্ডে ৮.৯ শতাংশ। সাধারণ মানদণ্ডে গ্রামাঞ্চলে পুরুষ ও নারীদের বেকারত্বের হার যথাক্রমে ৫.৮ শতাংশ এবং ৩.৮ শতাংশ। সাপ্তাহিক মানদণ্ডে এই পরিমাপ ৮.৮ ও ৭.৭ শতাংশ। সাধারণ মানদণ্ডে শহরাঞ্চলে পুরুষ ও নারীদের বেকারত্বের হার যথাক্রমে ৭.১ ও ১০.৮ শতাংশ। সাপ্তাহিক মানদণ্ডে ৮.৮ ও ১২.৮। যেভাবেই দেখা হোক না কেন, ভারতে বর্তমানে বেকারত্বের হার গত অর্ধ শতকব্যাপী সময়কালের মধ্যে সর্বোচ্চ এবং ২০১১-১২ সালের তুলনায় দ্বিগুণ অথবা, দ্বিগুণেরও বেশি।

পাশাপাশি, ২০১৭-১৮ অর্থবর্ষের তুলনায় ২০১৮-১৯ অর্থবর্ষে ব্যাংকের খুচরো ঋণ, ইস্পাতের চাহিদা, নতুন ঘোষিত বিনিয়োগের পরিমাণ, পুরনো বিনিয়োগ প্রকল্প সম্পূর্ণ হওয়ার পরিমাণ, মোট রাজস্ব এবং নিট রফতানি কমেছে।

ভারতে অর্থনৈতিক উন্নতির মন্দগতি অনুসন্ধানে আরও একটু পিছিয়ে যাওয়া যেতে পারে। প্রথমবার নরেন্দ্র মোদীর নেতৃত্বে এনডিএ কেন্দ্রে সরকার গঠন করে ২০১৪ সালের মে মাসে। ইউপিএ সরকারের শেষ কয়েক বছর এবং এনডিএ সরকারের প্রথম কয়েক বছরে ব্যক্তিগত ভোগব্যয় বৃদ্ধির হার পর্যবেক্ষণ করা যেতে পারে।

| ব্যক্তিগত চূড়ান্ত ভোগব্যয় | বৃদ্ধির হার (শতাংশ) | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ইউপিএ জমানা | | | এনডি জমানা | | | | |
| | ২০১২-১৩ | ২০১৩-১৪ | গড় | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | গড় |
| খাদ্য ও সুরাসার-রহিত পানীয় | ৬.০ | ৭.৩ | ৬.৭ | ১.২ | ১.৮ | ১১.০ | ০.৭ | ৩.৭ |
| সুরাসার-যুক্ত পানীয়, তামাক এবং মাদকদ্রব্য | -৬.৫ | ০.৭ | -২.৯ | ৯.৬ | -০.৬ | -০.৭ | -৫.৩ | ০.৭ |
| পোশাক ও পাদুকা | ১.৪ | ১৯.২ | ১০.৩ | ২.৪ | ৯.২ | ১.৬ | ১১.৩ | ৬.১ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| বাসস্থান, জল, বিদ্যুত, গ্যাস ও অন্যান্য জ্বালানি | ৫.৭ | ৬.৩ | ৬.০ | ৫.০ | ৩.০ | ৩.৩ | ৩.৪ | ৩.৭ |
| গৃহসজ্জা, গার্হস্থ্য উপকরণ এবং দৈনন্দিন সাংসারিক রক্ষণাবেক্ষণ | ৬.৯ | ১০.১ | ৮.৫ | ৬.৭ | ১০.০ | ৪.৬ | ১২.৯ | ৮.৬ |
| পরিবহণ | ৪.২ | ৩.২ | ৩.৭ | ৭.০ | ১৩.৭ | ১০.৬ | ১৭.৩ | ১২.২ |
| যোগাযোগ | ৪.৬ | ৪.৯ | ৪.৬ | ২৩.১ | ৪.৪ | ০.৫ | -৪.১ | ৬.০ |
| বিনোদন ও সংস্কৃতি | ২.৫ | ৪.৭ | ৩.৬ | ৫.৮ | -১.৪ | ৩.১ | ৮.০ | ৩.৯ |
| হোটেল রেস্তোরাঁ | ৩.৬ | ০.৭ | ২.২ | ৫.৯ | ১২.৪ | ৭.৯ | ৭.৮ | ৮.৫ |
| স্থায়ী দ্রব্য | ১৬.০ | -১.২ | ৭.৪ | ৯.৪ | ৮.৮ | ১৪.২ | ২১.১ | ১৩.৪ |
| আংশিক স্থায়ী দ্রব্য | ০.৬ | ১৫.১ | ৭.৮৫ | ৬.২ | ৭.৯ | ১.৯ | ৯.৭ | ৬.৪ |
| অচির দ্রব্য | ৪.৫ | ৬.৩ | ৫.৪ | ২.৫ | ৩.৯ | ৮.৮ | ৩.৩ | ৪.৬ |
| সূত্র | সেন্ট্রাল স্ট্যাটিস্টিক্স অফিস | | | | | | | |

| ব্যক্তিগত চূড়ান্ত ভোগব্যয় (জাতীয় স্থূল উৎপাদনের শতাংশ) | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ইউপিএ জমানা | | | এনডিএ জমানা | | | |
| | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
| খাদ্য ও সুরাসার-রহিত পানীয় | ১৭.২ | ১৭.৩ | ১৭.৪ | ১৬.৪ | ১৫.৫ | ১৫.৯ | ১৪.৯ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| সুরাসার-যুক্ত পানীয়, তামাক এবং মাদকদ্রব্য | ১.৬ | ১.৪ | ১.৩ | ১.৩ | ১.২ | ১.১ | ১.০ |
| পোশাক ও পাদুকা | ৩.৬ | ৩.৪ | ৩.৮ | ৩.৭ | ৩.৭ | ৩.৫ | ৩.৬ |
| বাসস্থান, জল, বিদ্যুত, গ্যাস ও অন্যান্য জ্বালানি | ৯.২ | ৯.৩ | ৯.৩ | ৯.০ | ৮.৬ | ৮.২ | ৭.৯ |
| গৃহসজ্জা, গার্হস্থ্য উপকরণ এবং দৈনন্দিন সাংসারিক রক্ষণাবেক্ষণ | ১.৮ | ১.৮ | ১.৯ | ১.৯ | ১.৯ | ১.৯ | ২.০ |
| স্বাস্থ্য | ২.১ | ২.২ | ২.২ | ২.৪ | ২.৪ | ২.৫ | ২.৭ |
| পরিবহণ | ৮.৫ | ৮.৪ | ৮.২ | ৮.১ | ৮.৬ | ৮.৮ | ৯.৬ |
| যোগাযোগ | ১.৩ | ১.৩ | ১.৩ | ১.৫ | ১.৪ | ১.৩ | ১.২ |
| বিনোদন ও সংস্কৃতি | ০.৬ | ০.৬ | ০.৬ | ০.৫ | ০.৫ | ০.৫ | ০.৫ |
| শিক্ষা | ২.১ | ২.১ | ২.১ | ২.১ | ২.১ | ২.১ | ২.২ |
| হোটেল রেস্তোরাঁ | ১.৩ | ১.৩ | ১.২ | ১.২ | ১.৩ | 1.3 | 1.3 |
| বিবিধ দ্রব্য ও সেবা | ৭.২ | ৭.৬ | ৭.৮ | ৮.৩ | ৯.৩ | ৯.৫ | ৯.৮ |
| স্থায়ী দ্রব্য | ১.৭ | ১.৯ | ১.৮ | ১.৮ | ১.৮ | ১.৯ | ২.২ |
| আংশিক স্থায়ী দ্রব্য | ৪.৫ | ৪.৩ | ৪.৬ | ৪.৬ | ৪.৫ | ৪.৩ | ৪.৪ |
| অচির দ্রব্য | ২৪.০ | ২৩.৮ | ২৩.৭ | ২২.৭ | ২১.৮ | ২১.৯ | ২১.১ |
| সেবা | ২৬.৩ | ২৬.৭ | ২৬.৯ | ২৭.৪ | ২৮.৩ | ২৮.৪ | ২৯.০ |
| সূত্র – ভারতীয় রিজার্ভ ব্যাংক – সেন্ট্রাল স্ট্যাটিস্টিক্স অফিস | | | | | | | |